# পদত্যাগ করে নির্বাচন করার ঘোষণা অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামানের



সংগৃহীত ছবি

দেশের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান পদত্যাগের ঘোষণা দিয়েছেন। বুধবার (৫ নভেম্বর) তত্ত্বাবধায়ক সরকার পুনর্বহাল সংক্রান্ত আপিল শুনানি শেষে অ্যাটর্নি জেনারেল অফিসের কনফারেন্স কক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এ সিদ্ধান্ত জানান।

সংবাদ সম্মেলনে আসাদুজ্জামান বলেন, "বিগত কয়েক বছর রাষ্ট্রের হয়ে দায়িত্ব পালন করেছি। এখন মনে করছি, জনগণের প্রতিনিধি হিসেবে কাজ করার সময় এসেছে। তাই আমি নির্বাচনে অংশ নিতে যাচ্ছি।"

তিনি জানান, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর কাছে তিনি মনোনয়ন চেয়েছেন এবং দলের প্রতি তার আস্থা রয়েছে। "আমি বিশ্বাস করি, জনগণ পরিবর্তন চায়—আর আমি সেই পরিবর্তনের অংশ হতে চাই," বলেন তিনি।

LENS ASIA

দীর্ঘ সময় ধরে রাষ্ট্রের পক্ষে গুরুত্বপূর্ণ মামলায় নেতৃত্ব দেওয়া এই অভিজ্ঞ আইনজীবী তার সহকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, "আইনের মঞ্চে কাজ করেছি দেশ ও ন্যায়ের জন্য; এবার মানুষের ভোটের মঞ্চে দাঁড়াব জনগণের অধিকার রক্ষার জন্য।"

বিস্তারিত আসছে...